



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬৩২৮ ফ্যাক্স : ০৮১-৭৬৪৩৮

১৫/০৫/১৬

স্মারক নং : স্বীকৃতি/০৬/চাঁদ/

তারিখ :

প্রেরক : বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
কুমিল্লা।

প্রাপক : প্রধান শিক্ষক
হরিনা-চালিতাতলী এডওয়ার্ড ইনস্টিটিউশন
ডাকঘর-গোবিন্দিয়া উপজেলা- চাঁদপুর সদর জেলা- চাঁদপুর

বিষয় : স্বীকৃতির মেয়াদ নবায়ন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে, তাঁর বিদ্যালয়ে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার স্বীকৃতি ০১/০১/২০১৬ হতে ৩১/১২/২০২০ পর্যন্ত ০৫(পাঁচ) বছরের জন্য নিচের শর্ত সাপেক্ষে নবায়নের মেয়াদ বৃদ্ধি করা হলো এবং ২০২১ সন পর্যন্ত মাধ্যমিক পরীক্ষায় ছাত্র/ছাত্রী অংশগ্রহণের অনুমতি প্রদান করা গেল।

শর্তসমূহ:

১. স্নাতক পাস শিক্ষকগণকে পর্যায়ক্রমে বিএড প্রশিক্ষণে প্রেরণ করতে হবে।
২. সহ-পাঠ্যক্রম কার্যক্রম জোরদার করতে হবে।
৩. জেএসসি পরীক্ষায় ৮০% উত্তীর্ণ ফলাফল অর্জন করতে হবে।
৪. পাঠপত্রিকল্পনা অনুসরণপূর্বক শিক্ষকগণকে প্রাকপ্রস্তুতি গ্রহণ করে শিক্ষা উপকরণ ব্যবহারের মাধ্যমে শ্রেণীকক্ষে পাঠদান নিশ্চিত করতে হবে।
৫. বিজ্ঞান বিভাগের ছাত্র/ছাত্রীদের নিয়মিত ব্যবহারিক ক্লাশ নিশ্চিত এবং বৈজ্ঞানিক যন্ত্রপাতি যত্ন সহকারে রক্ষণাবেক্ষণ করতে হবে।
৬. বিদ্যালয়ের পাঠাগারের উন্নয়ন এবং ছাত্র/ছাত্রীদের মধ্যে নিয়মিত পাঠাভ্যাসের মনোভাব গড়ে তুলতে হবে।
৭. বিদ্যালয়ের চারপাশে কমপক্ষে ১০০টি ফলজ, বনজ ও ঔষধি বৃক্ষরোপন করে যথাযথ পরিচর্যা ব্যবস্থা করতে হবে।
৮. এসএসসি পরীক্ষায় ন্যূনতম ৮০% পরীক্ষার্থী পাস করার প্রচেষ্টা চালাতে হবে।
৯. জাতীয়, রাষ্ট্রীয় ও সরকার ঘোষিত দিবসসমূহ যথাযথভাবে পালন করতে হবে।
১০. বিদ্যালয় প্রাঙ্গণ ও শ্রেণীকক্ষ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।
১১. শিক্ষার্থীদেরকে বেদ্রাঘাত থেকে বিরত থাকতে হবে।
১২. বাধ্যতামূলকভাবে বয়স্কউট/গার্লস গাইড/ রেড ক্রিসেন্ট দল গঠন করতে হবে।
১৩. বিদ্যালয়কে অবশ্যই কম্পিউটার সংগ্রহ ও ইন্টারনেট সংযোগ গ্রহণ করতে হবে।

স্বাক্ষর :-

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
কুমিল্লা
ফোন নং-০৮১-৭৬৭০০

তারিখ: ২৬/০৫/১৬

স্মারক নং স্বীকৃতি/০৬/চাঁদ/ ২০১৬ (৫)

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা গেল:-

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, আবদুল গনি রোড, ঢাকা
 ২. পরিচালক, ব্যানবেইস, ১নং সোনারগাঁও রোড, পলাশী -নীলক্ষেত, ঢাকা-১২০৫
 ৩. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তর, কুমিল্লা অঞ্চল কুমিল্লা
 ৪. জেলা শিক্ষা অফিসার, চাঁদপুর
- ✓ ৫. এ বোর্ডের সিনিয়র সিস্টেম এনালিস্ট(বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

স্বাক্ষর :-

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
কুমিল্লা

ফোন নং-০৮১-৭৬৭০০